BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775, Mobile: 01708-503503
Website: www.bauet.ac.bd, e-mail: registrarbauet@gmail.com



BAUET/এ/০০১/(১২)/২০২৬- ২৮২৫৭ তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০২৬

নোটিশ

ড্রাইভিং লাইসেন্স, হেলমেট এবং আনুসঙ্গিক কাগজপত্র ছাড়া মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসের ভিতরে প্রবেশ এবং ক্যাম্পাসের বাহিরে চলাচলে নিষেধাজ্ঞা প্রসংগে।

বরাতঃ

ক। এরিয়া সদর দপ্তর বগুড়া, বগুড়া সেনানিবাস পত্র নম্বর ২৩.০১.৯১১.১০৫.০২.০৬৮.০১.২৬.০২.২৬ তারিখ ২৬ ফেব্রুয়ারি ২০২৬।

খ। বিএইউইটি, কাদিরাবাদ পত্র নম্বর BAUET/এ/০০১/(১২)/২০২৬-১৬৩৫২ তারিখ ০৪ মার্চ ২০২৬ (ফটোকপি সংযুক্ত)।

১। উপরোক্ত বিষয়ের আলোকে সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি দুর্ঘটনা শুধুমাত্র একজন ব্যক্তিই ক্ষতিগ্রস্থ হয় না, তার পরিবার একজন কর্মক্ষম আপনজন হারায় যা কখনোই কাম্য হতে পারে না। ইতিপূর্বে মোটর সাইকেল দুর্ঘটনা রোধকল্পে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক বেশ কয়েকবার নির্দেশনা প্রদান হয়। সর্বশেষ মোটর সাইকেল দুর্ঘটনা রোধকল্পে বরাত ক এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বরাত খ এর মাধ্যমে অনুরোধ করা হয় (বরাত খ সংযুক্ত)।

২। এই পরিপ্রেক্ষিতে ড্রাইভিং লাইসেন্স, হেলমেট এবং আনুসঙ্গিক কাগজপত্র ছাড়া মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসের ভিতরে প্রবেশ এবং ক্যাম্পাসের বাহিরে চলাচলে সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারী করা হলো। যদি কাউকে উপরোক্ত হেলমেট ও কাগজপত্র বিহীন অবস্থায় পাওয়া যায় তাহলে মোটর সাইকেল বাজেয়াপ্তসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
পক্ষে উপাচার্য

সংযুক্তিঃ

১। বরাত খ এর ফটোকপি - ০১ (এক) পাতা।

বিতরণঃ

অভ্যন্তরীণঃ

কার্যক্রমঃ

সকল বিভাগীয়/দপ্তর/শাখা প্রধানগণ (একাডেমিক ও প্রশাসনিক)
প্রক্টর
ছাত্র কল্যাণ উপদেষ্টা
সকল ব্যাচ এডভাইজারগণ (ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসে নোটিশ জারীর মাধ্যমে অবগত করাবেন)
সকল নোটিশ বোর্ড
BAUET ওয়েবসাইট

অবগতিঃ

মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক
IQAC

File: Notice

BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775, Mobile: 01708-503503
Website: www.bauet.ac.bd, e-mail: registrarbauet@gmail.com

BAUET/এ/০০১/(১২)/২০২৬- ৯৫৩৫২

তারিখঃ ০৪ মার্চ ২০২৬

নোটিশ

মোটর সাইকেল দুর্ঘটনা প্রসংগে

বরাতঃ

ক। এরিয়া সদর দপ্তর বগুড়া, বগুড়া সেনানিবাস পত্র নম্বর ২৩.০১.৯১১.১০৫.০২.০৬৮.০১.২৬.০২.২৬ তারিখ ২৬ ফেব্রুয়ারি ২০২৬।

১। সংশ্লিষ্ট সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোটর সাইকেল দুর্ঘটনার হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে যা অত্যন্ত উদ্বেগের বিষয়। ইতোপূর্বে মোটর সাইকেল দুর্ঘটনা রোধকল্পে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক বেশ কয়েকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। একটি দুর্ঘটনা শুধুমাত্র একজন ব্যক্তিই ক্ষতিগ্রস্থ হয় না, তার পরিবার একজন কর্মক্ষম আপনজন হারায় যা কখনোই কাম্য হতে পারে না।

২। উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে এবং বরাত 'ক' এর নির্দেশনা অনুযায়ী সকল বিভাগীয়/দপ্তর/শাখা প্রধানগণকে নিম্নলিখিত বিষয় সমূহের উপর প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলোঃ

ক। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে মোটর সাইকেল ব্যবহারের উপর কঠোর নিষেধাজ্ঞা বাস্তবায়ন করা।

খ। সকল পর্যায়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অতি সম্প্রতি সংঘটিত হওয়া মোটর সাইকেল সম্পর্কিত ঘটনা/দুর্ঘটনা অধীনস্থদেরকে বিস্তারিতভাবে অবহিত করা।

গ। ছুটিতে গমনের পূর্বে যে সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং কর্মচারীদের নিজস্ব মোটর সাইকেল রয়েছে, তাদের মোটর সাইকেল সমূহ সংশ্লিষ্ট বিভাগীয়/দপ্তর/শাখা প্রধানগণের নজরদারীতে রাখার বিষয়টি নিশ্চিত করা।

ঘ। মোটর সাইকেল চালনা সংক্রান্ত নীতিমালা ভঙ্গকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকলকে অবহতি করা।

৩। আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ডেপুটি রেজিস্ট্রার (এডমিন)
পক্ষে উপাচার্য

বিতরণঃ
অভ্যন্তরীণঃ
কার্যক্রমঃ
সকল বিভাগীয়/দপ্তর/শাখা প্রধানগণ (একাডেমিক ও প্রশাসনিক)
প্রক্টর
ছাত্র কল্যাণ উপদেষ্টা
সকল নোটিশ বোর্ড
BAUET ওয়েবসাইট
অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক
IQAC

File: Notice